

PRINT

সমকাল

পিইসি ও সমমানের পরীক্ষায় অনুপস্থিত অর্ধশতাধিক

১০ ঘণ্টা আগে

গজারিয়া (মুন্সীগঞ্জ) প্রতিনিধি

গজারিয়া উপজেলায় চলতি পিইসি ও সমমানের পরীক্ষায় অর্ধশতাধিক পরিক্ষার্থী অনুপস্থিত রয়েছে। গজারিয়া উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, প্রাথমিক বিদ্যালয় থেকে সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা তিন হাজার ২৮৮। এর মধ্যে পরীক্ষায় ৩৭ জন অনুপস্থিত রয়েছে। ইবতেদায়ি পরীক্ষায় মাত্র ১৪৫ পরীক্ষার্থীর মধ্যে পরীক্ষায় উপস্থিত হয়নি ১৫ জন।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মমতাজ বেগম জানান, বিভিন্ন কারণে ৫২ পরীক্ষার্থী অনুপস্থিত রয়েছে। তিনি আরও জানান, গুয়াগাছিয়া ও বাউশিয়া দুটি ইউনিয়নেরই ২০ পরীক্ষার্থী অনুপস্থিত।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com

